



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস-রিলিজ

তারিখঃ ৩০.০১.২০১৯ খ্রি:

“বাঁধন” বরিশাল বিশ্ববিদ্যালয় ইউনিটের বার্ষিক সাধারণ সভা, নবীনবরণ ও বিদায়ী সংবর্ধনা-২০১৯ অনুষ্ঠিত

“বাঁধন” বরিশাল বিশ্ববিদ্যালয় ইউনিটের বার্ষিক সাধারণ সভা, নবীনবরণ ও বিদায়ী সংবর্ধনা আদ্য ৩০ জানুয়ারি ২০১৯ তারিখ সকাল ১১ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। “বাঁধন” বরিশাল বিশ্ববিদ্যালয় ইউনিটের সভাপতি মুজাহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর ড. এস এম ইমামুল হক। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট ও সিএসই বিভাগের চেয়ারম্যান রাহাত হোসাইন ফয়সাল, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের চেয়ারম্যান আবু জাফর মিয়া, লোক প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক ইসরাত জাহান, বাঁধন এর উপদেষ্টা ও লোক প্রশাসন বিভাগের প্রভাষক সিরাজিস সাদিক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ, পরিচালকবৃন্দ, শিক্ষকমণ্ডলী, বাঁধন বরিশাল বিশ্ববিদ্যালয় ইউনিট এর সকল সদস্যবৃন্দসহ শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ২০১৯ মেয়াদের জন্য বাঁধন বরিশাল বিশ্ববিদ্যালয় ইউনিটের নতুন কমিটি ঘোষিত হয় এবং পুরাতন কমিটির সদস্যরা নতুন কমিটির সদস্যবৃন্দের কাছে দায়িত্ব হস্তান্তর করেন। উপাচার্য মহোদয় বলেন, আমার হাত দিয়েই ১৯৯৭ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হলে বাঁধন এর যাত্রা শুরু হয়। সেই থেকে আমি বাঁধনের সাথে যুক্ত। বাঁধন হচ্ছে একটি স্বৈচ্ছাসেবী সংগঠন, যারা মানবতার সেবায় সর্বদা নিয়োজিত। আর বরিশাল বিশ্ববিদ্যালয়ে এ সংগঠনটি তাদের কর্মকাণ্ডের মাধ্যমে নিজেদের কর্মদক্ষতার প্রমাণ দিয়েছে এবং ভবিষ্যতেও বাঁধন বরিশাল বিশ্ববিদ্যালয় ইউনিট মানবতার সেবায় নিজেদেরকে আরও বেশি সংশ্লিষ্ট রাখতে সচেষ্ট হবে। উল্লেখ্য ২০১৫ সালে বরিশাল বিশ্ববিদ্যালয়ে বাঁধন যাত্রা শুরু করে ইউনিট হিসেবে আত্মপ্রকাশ করে ২০১৭ সালে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস